

রাবির বঙ্গবন্ধু হলের নাম এখন ‘বিজয়-২৪’

সংবাদ অনলাইন রিপোর্ট

: শুক্রবার, ২৩ মে ২০২৫



রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলসহ মোট ১২টি স্থাপনার নাম পরিবর্তনের সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

বৃহস্পতিবার অনুষ্ঠিত ৫৩৯তম সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয় বলে নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ইফতেখার আলম মাসউদ।

তিনি জানান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের নাম পরিবর্তন করে রাখা হয়েছে ‘বিজয়-২৪’ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের নাম হয়েছে ‘জুলাই-৩৬’। এ ছাড়া আরও কয়েকটি গুরুত্বপূর্ণ ভবন ও স্থাপনার নাম নতুনভাবে নির্ধারণ করা হয়েছে।

পরিবর্তিত নামগুলো হলো: সৈয়দ নজরুল প্রশাসন ভবনকে প্রশাসন ভবন-১, সৈয়দ মনসুর আলী প্রশাসন ভবনকে প্রশাসন ভবন-২, তাজউদ্দীন আহমেদ সিনেট ভবনকে সিনেট ভবন, শেখ কামাল স্টেডিয়ামকে রাজশাহী বিশ্ববিদ্যালয় স্টেডিয়াম, ড. কুদরত-ই-খুদা অ্যাকাডেমিক ভবনকে জাবির ইবনে হাইয়ান ভবন, ড. ওয়াজেদ মিয়া

অ্যাকাডেমিক ভবনকে জামাল নজরুল ভবন, কৃষি অনুষদ ভবনকে কৃষি ভবন, শেখ রাসেল মডেল স্কুলকে রাজশাহী বিশ্ববিদ্যালয় মডেল স্কুল, কাজলা গেইটকে ‘শহীদ সাকিব আঞ্জুম গেইট’ এবং বিনোদপুর গেইটকে ‘শহীদ আলী রায়হান গেইট’ নামকরণ করা হয়েছে।

এর আগে ৬ ফেব্রুয়ারি রাতে বঙ্গবন্ধু হল, শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল, শেখ রাসেল মডেল স্কুল, শেখ কামাল স্টেডিয়াম, নির্মাণাধীন এএইচএম কামারুজ্জামান ও শেখ হাসিনা হলেরও নামফলক ভেঙে ফেলেন শিক্ষার্থীরা। সেদিন তারা এসব স্থাপনার নাম পরিবর্তনের দাবি তোলেন।